গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

সভাপতি	এইচ এম রকিব হায়দার জেলা প্রশাসক, লালমনিরহাট
বিষয়	বাংলা নববর্ষ-১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।
তারিখ ও সময়	০৯ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ, সকাল- ১১:০০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
সূত্র	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২৫/০৩/২০২৫ তারিখের ৪৩.০০.০০০০.১২৪.২৩.২২২.২৫.২০২ নং স্মারক।

উপস্থিতি: সভায় উপস্থিত সদস্যবৃন্দের বিবরণী পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান, পহেলা বৈশাখে বাংলা নববর্ষ পালন বাঙালি সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। আবহমান কাল ধরে বাঙালি অধ্যুষিত জনপদে সার্বজনীন ও অসাম্প্রদায়িক এ উৎসবটি পালিত হয়ে আসছে। প্রতিবছর নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলার নতুন বছরকে বরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২৫ মার্চ, ২০২৫ তারিখের ৪৩.০০.০০০০.১২৪.২৩.২২২.২৫.২০২ নং স্মারকে প্রাপ্ত আন্ত:মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট সভায় পাঠ করে শোনান।

০২। বাংলা নববর্ষ-১৪৩২ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের অংশ হিসেবে লালমনিরহাট জেলায় ব্যাপক উৎসাহ উদ্দীপনায় উদযাপনের নিমিত্ত উপস্থিত সকলকে মতামত/ প্রস্তাব প্রদানের জন্য আহবান জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে লালমনিরহাট জেলায় বাংলা নববর্ষ-১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি পালন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়:

কর্মসূচি

ক্র: নং	তারিখ ও সময়	কর্মসূচি	স্থান	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	০১ বৈশাখ, ১৪৩২ ১৪ এপ্রিল, ২০২৫ সকাল- ০৮:০০ টা	**শোভাযাত্রা:** সকাল ৮.০০ টায় বৈশাখী শোভাযাত্রায় স্ব-স্ব- প্রতিষ্ঠানের ব্যানার নিয়ে কালেক্টরেট মাঠ হতে শুরু হয়ে মিশন মোড় হয়ে রেলওয়ে মুক্তমঞ্চ, লালমনিরহাট-এ শেষ হবে। শোভাযাত্রা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান ও লোকজ মেলার উদ্বোধন করা হবে।	রেলওয়ে মুক্তমঞ্চ, লালমনিরহাট	জেলা প্রশাসন জেলার সকল অফিস প্রধানগণ সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী,সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও এনজিওসমূহ
২	সকাল- ০৮:৩০ টা	**সাংস্কৃতিক অনুষ্ঠান:** জেলা শিল্পকলা একাডেমি, লালমনিরহাট কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান সকাল ১০:০০ টা. হতে দুপুর ১২.০০ টা পর্যন্ত।	রেলওয়ে মুক্তমঞ্চ, লালমনিরহাট	জেলা কালচারাল অফিসার লালমনিরহাট ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, লালমনিরহাট
৩	০১ বৈশাখ, ১৪৩২ ১৪ এপ্রিল, ২০২৫	**লোকজ মেলা:** লোকজ মেলা ১৪ এপ্রিল সকাল ১০:০০ টা. হতে সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত চলবে।	রেলওয়ে মুক্তমঞ্চ, লালমনিরহাট	বিসিক, লালমনিরহাট
৪	১৩ এপ্রিল, ২০২৫	**প্রতিযোগিতা:** চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা	জেলা সরকারি গণগ্রন্থাগার লালমনিরহাট	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা লালমনিরহাট ও লাইব্রেরিয়ান জেলা সরকারি গণগ্রন্থাগার লালমনিরহাট

চলমান পাতা-২

০৩। বাংলা নববর্ষ-১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হলো:

ক্র: নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	বাংলা নববর্ষ উদ্‌যাপন	(ক) লালমনিরহাট সদর উপজেলা ব্যতীত অন্যান্য উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণ জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচির অনুরূপ কর্মসূচি প্রণয়নপূর্বক বাংলা নববর্ষ উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। লালমনিরহাট সদর উপজেলার কর্মকর্তা/কর্মচারীগণ জেলা পর্যায়ের গৃহীত কর্মসূচির সঙ্গে বাংলা নববর্ষ সমন্বিতভাবে উদ্‌যাপন করবেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট।
		(খ) উপজেলা নির্বাহী অফিসারগণ সকল উপজেলার প্রতিটি ইউনিয়নে পহেলা বৈশাখ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	
২.	শোভাযাত্রায় অংশগ্রহণ	জেলার সকল সরকারি/আধা-সরকারি/বেসরকারি/এনজিও অফিসের কর্মকর্তা ও কর্মচারীগণ উক্ত দিবসের সকল অনুষ্ঠানে আবশ্যিকভাবে অংশগ্রহণ করবেন।	জেলা পর্যায়ের সকল কর্মকর্তা ও এনজিও (সকল)
		জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ শোভাযাত্রায় ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করবেন। এ বিষয়ে জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	সকল।জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট
		লালমনিরহাট সরকারি কলেজ, মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ, নার্সিং কলেজ (সরকারি ও বেসরকারি) ও পিটিআই, লালমনিরহাট শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন।	১. অধ্যক্ষ, লালমনিরহাট সরকারি কলেজ/মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ/নার্সিং কলেজ (সরকারি ও বেসরকারি) ২. সুপারিনটেনডেন্ট, পিটিআই, লালমনিরহাট
৩.	আইন-শৃঙ্খলা রক্ষা	(ক) জেলা পর্যায়ে গৃহীত সকল কর্মসূচিতে আইন-শৃংখলা বজায় রাখার নিমিত্ত পুলিশ সুপার, লালমনিরহাট প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগের ব্যবস্থা গ্রহণ করবেন। (খ) জেলা পর্যায়ে গৃহীত সকল কর্মসূচিতে আইন-শৃংখলা বজায় রাখার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক আনসার ও ভিডিপি নিয়োগের ব্যবস্থা গ্রহণ করবেন।	১. পুলিশ সুপার লালমনিরহাট ২. জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি লালমনিরহাট
৪.	অনুষ্ঠানে মাইকসেট সরবরাহ নিশ্চিতকরণ	জেলা পর্যায়ে আয়োজিত সকল অনুষ্ঠানে জেলা তথ্য অফিসার, লালমনিরহাট মাইকসেট সরবরাহ নিশ্চিত করবেন।	জেলা তথ্য অফিসার, লালমনিরহাট।
৫.	মেডিকেল টিম গঠন	পহেলা বৈশাখে উদ্‌যাপন উপলক্ষ্যে মেডিকেল টিম গঠনের জন্য সিভিল সার্জন, লালমনিরহাটকে অনুরোধ করা হয়।	সিভিল সার্জন, লালমনিরহাট
৬.	আপ্যায়ন সংক্রান্ত	পহেলা বৈশাখে দেশীয় খাবার যেমন মোয়া, মুড়ি, খুরমা, কদমা, আঙুর, বাতাসার প্যাকেট সরবরাহ করার জন্য প্রশাসক, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাটকে অনুরোধ করা হয়।	প্রশাসক লালমনিরহাট পৌরসভা লালমনিরহাট

ক্র: নং	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৭.	বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থাকরণ	পহেলা বৈশাখে বিশুদ্ধ পানি সরবরাহের জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট
৮.	সার্বিক সমন্বয়	নেজারত ডেপুটি কালেক্টর, লালমনিরহাট জেলা পর্যায়ে আয়োজিত সকল অনুষ্ঠান সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।	নেজারত ডেপুটি কালেক্টর লালমনিরহাট

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭.৪.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৫২০০.০০৫.০৮.০২৭.২১- ৪০২(৮০)

তারিখ: ২৫ চৈত্র, ১৪৩২
০৭ এপ্রিল, ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব/সচিব...বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০৫। ....

....লালমনিরহাট।

০৭.৪.২৫

(এইচ এম রকিব হায়দার)
জেলা প্রশাসক
লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭